# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

*এসএমই বিভাগ*

**www.krishibank.org.bd**


নং-বিকেবি-প্রকা/এসএমই বিঃ(শাখা-২)-৩(৭৯)অংশ-২/২০২৩-২০২৪/ ৬৩ তারিখঃ ২৭/১২/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প খাতে মাঠ পর্যায়ে ঋণ প্রবাহ বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। দেশের আর্থ-সামাজিক উন্নয়ন, কৃষিজ পণ্যের উৎপাদন বৃদ্ধি, খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক কৃষকদের মধ্যে ঋণ বিতরণের পাশাপাশি কৃষিভিত্তিক শিল্প/প্রকল্পের অনুমোদিত খাতসমূহে ঋণ বিতরণে অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে। তবে, সাম্প্রতিক সময়ে মাঠ পর্যায়ে কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প খাতে ঋণ বিতরণ কার্যক্রম স্থবির হয়ে পড়েছে। আলোচ্য খাতে ২০২৩-২০২৪ অর্থবছরে বার্ষিক নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে মাঠ কার্যালয়সমূহের অর্জন হতাশাজনক, যা কোন ভাবেই কাম্য নয়। বিকেবি প্রধান কার্যালয়ের পরিচালনা পর্ষদের ৮৪৫তম সভায় এ খাতে ঋণ প্রবাহ বৃদ্ধিকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প খাতে ১৪/১২/২০২৩ তারিখ পর্যন্ত বিভাগওয়ারী বিতরণকৃত ঋণের তথ্য নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগীয় কার্যালয় | লক্ষ্যমাত্রা | ঋণ বিতরণ | অর্জনের হার (%) |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ৩০.০০ | ০.৪৩ | ১.৪৩% |
| ২ | চট্টগ্রাম | ১০.০০ | ০.৬০ | ৬.০০% |
| ৩ | ময়মনসিংহ | ৫.০০ | ০.০৫ | ১.০০% |
| ৪ | ফরিদপুর | ৫.০০ | ০.২৭ | ৫.৪০% |
| ৫ | কুমিল্লা | ৫.০০ | ০.২১ | ৪.২০% |
| ৬ | বরিশাল | ৫.০০ | ০.০৬ | ১.২০% |
| ৭ | সিলেট | ৫.০০ | ৩.৬২ | ৭২.৪০% |
| ৮ | খুলনা | ৫.০০ | ০.১৫ | ৩.০০% |
| ৯ | কুষ্টিয়া | ৫.০০ | ০.১৮ | ৩.৬০% |
| ১০ | এলপিও | ১০০.০০ | ০.০০ | ০.০০% |
| | মোট | ১৭৫.০০ | ৫.৫৭ | ৩.১৮% |

- উপরোক্ত সারণী হতে দেখা যায় যে, কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প (প্রকল্প ঋণ) খাতে বিভাগীয় কার্যালয়, সিলেট (৭২.৪০%) ব্যতীত অন্যান্য বিভাগীয় কার্যালয় সমূহের অর্জন খুবই নগন্য। তন্মধ্যে, স্থানীয় মুখ্য কার্যালয় এ খাতে কোন ঋণ বিতরণ করতে পারেনি।

০৩। বাংলাদেশ কৃষি ব্যাংকের "ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯" এ বাংলাদেশ ব্যাংক অনুমোদিত কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প খাত ও উপখাতের তালিকা উল্লেখপূর্বক কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প ঋণ বিতরণে করণীয় সম্পর্কিত যাবতীয় দিক নির্দেশনা উল্লেখ রয়েছে। বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয় কর্তৃক প্রতি অর্থবছরের শুরুতে বার্ষিক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার আওতায় কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়ে থাকে।

০৪। এমতাবস্থায়, কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে সম্ভাবনাময় গ্রাহক/উপযুক্ত উদ্যোক্তা নির্বাচন পূর্বক ব্যাংকের প্রচলিত নীতিমালা ও বিকেবি, ক্রেডিট বিভাগের ২৭/০৭/২০২৩ তারিখের পত্র নং-২১২(১২৫০) এ বর্ণিত নির্দেশনা অনুসরণের মাধ্যমে চলমান অর্থবছরে বার্ষিক নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ এ খাতে ঋণ প্রবাহ বৃদ্ধিকরণের প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৭/১২/২০২৩


(আনন্দ মোহন গোপ)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৩৫৮৬৮০
ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd


চলমান পাতা-০২

বিষয় ঃ কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প খাতে মাঠ পর্যায়ে ঋণ প্রবাহ বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা/এসএমই বিঃ(শাখা-২)-৩(৭৯)অংশ-২/২০২৩-২০২৪/ তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।

০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৫। সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পরিপত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৮। নথি/মহানথি।

২৭/১২/২০২৩

(আফরোজা ইসলাম শিমুল)
সহকারী মহাব্যবস্থাপক